

2 0 1 4

BENGALI

(Major)

Paper : 3.2

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) ফোর্ট উইলিয়াম কলেজ কত খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়েছিল ?
- (খ) রামমোহন রায় রচিত ব্যাকরণ গ্রন্থের নাম লেখো ।
- (গ) ‘বঙ্গসুন্দরী’ কাব্যের কবি কে ?
- (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর কত খ্রিষ্টাব্দে নোবেল পুরস্কার পেয়েছিলেন ?
- (ঙ) নবীনচন্দ্র সেনের প্রথম কাব্যগ্রন্থের নাম কী ?
- (চ) দীনবন্ধু মিত্রের ‘নীলদর্পণ’ নাটকের রচনাকাল লেখো ।
- (ছ) ‘প্রফুল্ল’ নাটকের নাট্যকার কে ?
- (জ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের শেষ উপন্যাস কোনটি ?

(ঝ) রবীন্দ্রনাথ ঠাকুরের একখানি ইতিহাসাশ্রয়ী উপন্যাসের নাম লেখো।

(ঞ) 'শেষ প্রশ্ন' উপন্যাসের লেখক কে?

২। সংক্ষেপে উত্তর দাও :

২×৫=১০

(ক) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার কোন্ কলেজের সঙ্গে যুক্ত ছিলেন? বাংলা ভাষায় রচিত তাঁর প্রথম গ্রন্থ কোনটি?

(খ) মাইকেল মধুসূদন দত্ত রচিত মহাকাব্যটির নাম লেখো। এই গ্রন্থে তিনি কোন্ ছন্দ ব্যবহার করেছেন?

(গ) 'কৃষ্ণকুমারী' নাটক কত খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়েছিল? এর কাহিনি মাইকেল মধুসূদন দত্ত কোন্ গ্রন্থ থেকে গ্রহণ করেছিলেন?

(ঘ) রবীন্দ্রনাথের দুখানি রূপক-সাম্প্রতিক নাটকের নাম লেখো।

(ঙ) বাংলা ভাষায় রচিত বঙ্কিমচন্দ্রের দুটি সামাজিক উপন্যাসের নাম লেখো।

৩। টীকা লেখো (যে কোনো চারটি) :

৫×৪=২০

শ্রীরামপুর মিশন ; কল্লোল ; রাজনারায়ণ বসু ; বৃত্রসংহার ;
জীবনানন্দ দাশ ; তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।

৪। (ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো।

১০

অথবা

(খ) বাংলা গদ্য-সাহিত্যে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের স্থান নির্ণয় করো।

- ৫। (ক) নবীনচন্দ্র সেনের কাব্যগুলো সম্পর্কে একটি নাতিদীর্ঘ আলোচনা প্রস্তুত করো। ১০

অথবা

- (খ) উনিশ শতকের বাংলা গীতিকাব্য রচনায় কবি বিহারীলাল চক্রবর্তীর অবদান নির্দেশ করো।

- ৬। (ক) বাংলা নাটকের ক্ষেত্রে মাইকেল মধুসূদন দত্তের গুরুত্ব নির্ণয় করো। ১০

অথবা

- (খ) নাট্যকার হিসেবে গিরিশচন্দ্র ঘোষের মূল্যায়ন করো।

- ৭। (ক) সামাজিক উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্রের বিশিষ্টতার পরিচয় দাও। ১০

অথবা

- (খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস রচনার সূচনালগ্ন থেকে প্রথম দশ বছরের উপন্যাসগুলো ('বড়দিদি' থেকে 'দেনাপাওনা') সম্পর্কে আলোচনা করে লেখকের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় তুলে ধরো।

★ ★ ★